



সাবেক সংস্কৃতি উপদেষ্টার ১১১ কোটি টাকার আত্মসাতের অভিযোগ



সংগৃহীত ছবি

আজকের কঠ পত্রিকার অনুসন্ধান জানা গেছে, অন্তর্বর্তী সরকারের সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী ও ঘনিষ্ঠজনদের বিরুদ্ধে ১১১ কোটি টাকার ‘জুলাই স্মৃতি জাদুঘর’ নির্মাণ প্রকল্পে দরপত্র এড়িয়ে অর্থ আত্মসাত এবং সিডিকেট গঠনের গুরুতর অভিযোগ উঠেছে।

অভিযোগে বলা হয়েছে, ফারুকী ও তার ঘনিষ্ঠদের নেতৃত্বে ‘ভাই-বেরাদর’ নামের একটি সিডিকেট গঠিত হয়েছিলো, যার মাধ্যমে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান থেকে কোটি কোটি টাকা হাতিয়ে নেওয়া হয়েছে। নেপথ্যে ছিলেন ফারুকীর স্ত্রী, অভিনেত্রী নুসরাত ইমরোজ তিশা, এবং ঘনিষ্ঠ সহযোগী ইমেল হক।

প্রকল্পে ১১০ কোটি টাকার কাজ সরাসরি ক্রয়পদ্ধতিতে দেওয়া হয়েছে, প্রচলিত দরপত্র প্রক্রিয়া এড়িয়ে। অভিযোগ অনুযায়ী, ঢাকার মুগদা কমলাপুর স্টেডিয়াম মার্কেটের ‘মেসার্স মিনহাজ ট্রেড ইন্টারন্যাশনাল’সহ কিছু কাণ্ডজে প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হয়েছে।

টিআইবি এই ব্যয়ের প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহির গুরুতর লঙ্ঘন হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে। সংস্থাটি বলেছে, সরকারি অর্থের ব্যয়ে স্বচ্ছতা ও নৈতিক মানদণ্ড নিশ্চিত করা না হলে এটি বৃহত্তর প্রশাসনিক অনিয়মের পথ খুলে দেয়।